আবহমান বাংলার চিরায়ত রুপ

সারা বছর যারা রোদে পুড়ে, বৃষ্টিতে ভিজে. শক্ত হাতে লাঙ্গল ধরে কঠিন মাটির বুকে সোনার ফসল ফলায়। তারা আমাদের দেশের কৃষক। তাদের শ্রমে ও ঘামে মানুষের খাদ্য উৎপাদন হয়।
তাইতো কবি বলেছেন,
“গাহি তাহাদের গান,
ধরণীর হাতে দিল যারা আনি ফসলের ফরমান”
আবহমান বাংলার চিরায়ত রুপের এই ছবিটি মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলার চোখতোলা মাঠ থেকে তোলা হয়েছে।
ছবি ও ক্যাপশন জুলফিকার আলী কানন

মেহেরপুরের মোদাচ্ছেরসহ শিক্ষক নিয়োগ পরীক্ষার প্রশ্ন ফাঁসের ৪ হোতা গ্রেপ্তার

হিডেন স্পাই ওয়্যারলেস কিট ব্যবহার করে সরকারি/বেসরকারি বিভিন্ন নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণের নিশ্চয়তা দিয়ে কোটি কোটি টাকা হাতিয়ে নেওয়া সিন্ডিকেটের হোতাসহ চারজনকে গ্রেপ্তার করেছে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)।

এর মধ্যে একজন হচ্ছেন মেহেরপুর সদর উপজেলার মৃত গোলাম মোস্তফা বিশ্বাসের ছেলে মো. মোদাচ্ছের হোসেন। তিনি মুজিবনগর সমাজসেবা অফিস থেকে ২০১৯ সালে অবসর নেন। বাকি ব্যক্তিরা হলেন- চক্রের হোতা সিরাজগঞ্জের উল্লাপাড়ার মো. আমির হোসেনের ছেলে মো. ইকবাল হোসেন, তার সহযোগী গোপালগঞ্জের কাশিয়ানীর সেকেন্দার আলীর ছেলে রমিজ মৃধা, একই উপজেলার মৃত আব্দুল মান্নান তালুকদারের ছেলে মো. নজরুল ইসলাম।

বুধবার রাতে রাজধানী ও এর আশপাশে এলাকায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়। এ সময় তাদের কাছ থেকে বেশকিছু ডিভাইস ও আলামত

উদ্ধার করা হয়। এই ব্যাপারে বৃহস্পতিবার রাজধানীর কারওয়ান বাজারে র্যাবের মিডিয়া সেন্টারে সংবাদ সম্মেলন করে বিস্তারিত জানান সংস্থাটির পরিচালক (আইন ও গণমাধ্যম শাখা) কমান্ডার খন্দকার আল মঈন।

সংবাদ সম্মেলনে খন্দকার আল মঈন জানান, সম্প্রতি কিছু অসাধু ব্যক্তি/সংঘবদ্ধ প্রতারক চক্র বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নপত্র সুকৌশলে ফাঁস করে হিডেন স্পাই ওয়্যারলেস কিট ব্যবহার করে সরকারি/বেসরকারি বিভিন্ন নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণের নিশ্চয়তা দিয়ে চাকরি প্রার্থী এবং তাদের অভিভাবকদের কাছ থেকে শর্তসাপেক্ষে কোটি কোটি টাকা হাতিয়ে নিয়েছে। আসছে ২০ মে অনুষ্ঠেয় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষাকে সামনে রেখে প্রতারক চক্রগুলো তাদের তৎপরতা বৃদ্ধি করেছে মর্মে র্যাব গোয়েন্দা সূত্রে জানতে পারে। এসব চক্রকে আইনের আওতায় নিয়ে আসার লক্ষ্যে র্যাব তাদের গোয়েন্দা নজরদারি বৃদ্ধি করে।

তিনি জানান, এরই ধারাবাহিকতায় গত রাত ১টার দিকে র্যাব-২ এর একটি আভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে রাজধানী ও তার আশেপাশের বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে এই চার ব্যক্তিকে গ্রেপ্তার করে।

জিজ্ঞাসাবাদের বরাতে খন্দকার আল মঈন জানান, প্রথমে তারা বিভিন্ন সরকারি ও বেসরকারি নিয়োগ পরীক্ষা সম্পর্কে তথ্য সংগ্রহ করে। পরবর্তীতে ওই নিয়োগ পরীক্ষার পরীক্ষা নেওয়ার স্থান ও পরীক্ষার গার্ড সম্পর্কে তথ্য উপাত্ত সংগ্রহ করে। এ সময় চক্রের অন্যান্য সদস্যরা দেশের বিভিন্ন অঞ্চলের সরকারি/বেসরকারি চাকরি প্রত্যাশিদের খুঁজে বের করে ১০-১৫ লাখ টাকার বিনিময়ে পরীক্ষায় পাস এবং চাকরি পাইয়ে দেওয়ার নিশ্চয়তার মাধ্যমে তাদেরকে প্রলোভন দেখাত। পরবর্তীতে আগ্রহী পরীক্ষার্থীদের কাছে উদ্ধারকৃত ডিভাইসগুলো প্রদান করে এর ব্যবহার বিধি প্রশিক্ষণ দিয়ে প্রাথমিকভাবে ১/২ দুই লাখ টাকা জামানত হিসেবে গ্রহণ করত। অবশিষ্ট টাকা চাকরি পাওয়ার পরে পরিশোধ করবে মর্মে চুক্তি করত। এভাবে তারা বিগত কয়েক বছর ধরে বিভিন্ন চাকরি প্রার্থীদের কাছ থেকে কোটি কোটি টাকা হাতিয়ে নেয়।

তিনি আরও জানান, বিদেশ থেকে আনা এই ডিভাইসগুলো মূলত দুইটি অংশে বিভক্ত। ডিভাইসটির একটি অংশ পরীক্ষার্থীদের কানের ভেতর এবং অটোমেটিক কল রিসিভ হওয়ার সিম লাগানো অপর অংশটি শরীরের বিভিন্ন

স্থানে বিশেষ কায়দায় লুকিয়ে তাদের পরীক্ষার হলে প্রবেশ করাত। পরবর্তীতে পরীক্ষার্থীরা নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্রের ছবি বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে তাদের নিকট পাঠাত। চক্রটি প্রশ্নপত্রের উত্তর দেওয়ার জন্য পূর্ব থেকেই মেধাবী শিক্ষার্থীদের সমন্বয়ে একটি টিম প্রস্তুত রাখত। পরীক্ষার হল থেকে পাঠানো প্রশ্নপত্রের উত্তরসমূহ মেধাবী শিক্ষার্থীদের সমন্বয়ে গঠিত টিমের মাধ্যমে খুঁজে বের করে চুক্তিবদ্ধ পরীক্ষার্থীদের বলে দিত।

র্যাব জানায়, চক্রের হোতা ইকবাল ২০০৮ সালে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক হিসেবে চাকরি পায়। নিজ এলাকায় শিক্ষকতা করছিলেন। এরই মধ্যে ২০১৫ সালে একই এলাকার অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী আলতাফ হোসেন নামে এক ব্যক্তির সঙ্গে তার পরিচয় হয়। মূলত আলতাফের কাছেই বিভিন্ন নিয়োগ পরীক্ষায় পাসের নিশ্চয়তা দিয়ে মোটা অঙ্কের টাকা হাতিয়ে নেওয়ার বিষয়টি রপ্ত করে। পরবর্তীতে আলতাফ মারা গেলে তিনি নিজেই চক্রটি পরিচালনা করা শুরু করেন। তার বিরুদ্ধে উল্লাপাড়া থানায় একটি নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা এবং বেশ কয়েকটি সাধরণ ডায়েরি (জিড) রয়েছে।

গ্রেপ্তার রমিজ এই প্রতারক চক্রের অন্যতম সহযোগী এবং একটি হত্যা মামলার পলাতক আসামি। গ্রেপ্তার এড়াতে পালিয়ে থাকার সময় ২০২০ সালে ইকবালের সঙ্গে তার পরিচয় হয়। বিভিন্ন ইলেক্ট্রনিক্স ডিভাইস সম্পর্কে অভিজ্ঞতা থাকায় তাকে এই প্রতারক চক্রের সদস্য করেন ইকবাল।

আর নজরুল ১৯৯৪ সালে সমাজসেবা অধিদপ্তরে অফিস সহকারী-কাম কম্পিউটার অপারেটর পদে চাকরিতে যোগদান করেন। নজরুল এবং রমিজের বাড়ি পাশাপাশি হওয়ায় তারা একে অপরের পূর্বপরিচিত ছিলেন। তিনি দেশের বিভিন্ন এলাকার মানুষকে চাকরি দেওয়ার কথা বলে ইকবাল ও রমিজের সঙ্গে যোগাযোগ করিয়ে দিতেন তিনি।

মোদাচ্ছের মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার সমাজসেবা কার্যালয় থেকে সমাজসেবাকর্মী হিসেবে ২০১৯ সালে অবসর নেন। তিনিও সাধারণ চাকরি প্রার্থীদের খুঁজে বের করে ইকবাল ও রমিজের সঙ্গে যোগাযোগ করিয়ে দিতেন। গ্রেপ্তারকৃতদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।

অনলাইন জুয়ার নিউজে চ্যানেল ২৪ এর সেরা রিপোর্টার রাশেদ

অনলাইন জুয়ার বিরুদ্ধে নিউজ করে চ্যানেল ২৪ এর সেরা রিপোর্টার হলেন স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান।

এপ্রিল মাসে সারা দেশ ও ঢাকার রিপোর্টারদের প্রচারিত রিপোর্টের মধ্যে মেহেরপুরের অনলাইন জুয়ার নিউজটি নজর কাড়ে চ্যানেল ২৪ কতৃপক্ষের। চ্যানেল ২৪ এর প্রধান নির্বাহী কর্মকর্তা তরুণ চক্রবর্তি ও নির্বাহী পরিচালক তালাত মামুন সেরা রিপোর্টার হিসেবে তাকে নির্বাচিত করেন।

উল্লেখ্য, অনলাইন জুয়ার আদ্যোপান্ত নিয়ে গত ১৫, ১৬, ১৭ এপ্রিল ও ১৮ মে ধারাবাহিক প্রতিবেদন চ্যানেল ২৪ এ প্রচারিত হয়। প্রতিবেদনে চ্যানেল ২৪ এর স্টাফ রিপোর্টার রাশেদুজ্জামান অনলাইন জুয়ার চাঞ্চল্যকর তথ্য তুলে ধরেন এবং এর নেপথ্যের কারিগরদের সামনে আনেন। প্রতিবেদনটি প্রচারিত হলে নজর কাড়ে সকলের।

মুজিবনগরে ভূমি সেবা সপ্তাহ ২০২২ উদযাপিত

মুজিবনগরে ‘সকল ভূমি সেবা এক ঠিকানায়’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে ভূমি সেবা সপ্তাহ উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

এ উপলক্ষে বৃহস্পতিবার সকালে মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা ভূমি অফিসের আয়োজনে, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা নির্বাহি অফিসার সুজন সরকারের নেতৃত্বে একটি র্যালি বের করা হয়।

র্যালি শেষে উপজেলা পরিষদ অডিটরিয়ামে এক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা নির্বাহী কর্মকর্তা সুজন সরকার

আলোচনা অনুষ্ঠানে বলেন, ভূমি সেবাকে সহজলভ্য ও দুর্নীতিমুক্ত করার লক্ষ্যে মুজিবনগর উপজেলা পরিষদ প্রাঙ্গনে ১৯ তারিখ থেকে ২৩ তারিখ পর্যন্ত ভূমি সেবা সপ্তাহ পালন করা হচ্ছে। এখানে উপজেলার ভূমি মালিকদের খুব সহজে এবং বিনামূল্যে ভূমি সেবা প্রদান করা হবে এবং ভূমি সম্পর্কিত যেকোনো বিষয়ে সেবা প্রদান করা হবে।

ভূমি সেবা সপ্তাহ উপলক্ষে আলোচনা সভায় উপস্থিত ছিলেন উপজেলার বিভিন্ন অফিসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং উপজেলা ভূমি অফিসের কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

ভারতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনারের স্বাধীনতা সড়ক পরিদর্শন

ভারতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার মোহাম্মদ ইমরান ভারত সীমান্ত হয়ে স্বাধীনতা সড়ক পরিদর্শন করে মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পার্ঘ্য অর্পণ করে পুনরায় ভারতে ফিরে গেছেন।

বৃহস্পতিবার দুপুরে তিনি স্বাধীনতা সড়ক পরিদর্শনের লক্ষ্যে চাপড়া হয়ে স্বাধীনতা সড়ক দিয়ে পদব্রজে ঐতিহাসিক মুজিবনগর আসেন এবং মুজিবনগর স্মৃতিসৈাধে পুষ্পস্তবক অর্পনের পর মুক্তিযুদ্ধ জাদুঘর, মানচিত্র ও ভাস্কর্য পরিদর্শন করেন।

এরপর সংক্ষিপ্ত সফর শেষ করে ভারতে ফিরে যান। তার সাথে সফরসংগী হিসেবে ছিলেন কৃষ্ণনগর ডিএমএ প্রথম সচিব শামসুল আরিফ। বাংলাদেশের সীমান্তে প্রবেশ করলে তাকে স্বাগত জানান অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নাজমুল আলম, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার এবং বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন।

এসময় আরোও উপস্থিত ছিলেন স্থানীয় জনপ্রতিনিধিগন ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ বাংলাদেশ সীমান্ত রক্ষী বাহিনী বিজিবি সফরের বিশেষত্ব কি জানতে চাইলে তিনি বলেন,খুব দ্রুত স্বাধীনতা সড়ক দিয়ে দুদেশের মানুষজন যাতাযাত করতে পারবে বলে আসা করছি।

মুজিবনগরে বিদেশি পাখিসহ ২ জন আটক: ভ্রাম্যমান আদালতে জেল ও জরিমানা

মুজিবনগরে অভিযান চালিয়ে ২২ লক্ষাধিক টাকা মূল্যের বিদেশি পার্পেল স্টারলিং ও ম্যাকাও পাখিসহ ২ জনকে আটক করেছে উপজেলা নির্বাহী অফিসার ও মুজিবনগর থানা পুলিশ ।

বৃহস্পতিবার বিকেল ৪ টার দিকে মুজিবনগর উপজেলাধীন মুজিবনগর মেহেরপুর প্রধান সড়কের গোপালনগর যাত্রী ছাউনীর পাশ থেকে ভারতে পাচারের উদ্দেশ্যে নিয়ে যাওয়ার সময়

নির্বাহী ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের নেতৃত্বে মোবাইল কোর্ট পরিচালনাকালে এসআই ঈস্রাফিল এর নেতৃত্বে সঙ্গীয় মুজিবনগর থানার একটি চৌকস দলের উপস্থিতিতে মূল্যবান পার্পেল স্টারলিং ও ম্যাকাও নামক দুই জাতের বিদেশি পাখি ও ইজিবাইক সহ মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামের বারেক আলীর ছেলে বাশারুল শেখ (৩৫) এবং একই গ্রামের মৃত নূর হকের ছেলে হাবিবুর রহমান (২৮) কে আটক করা হয়। বৃহস্পতিবার (১৯ মে) সন্ধ্যার পর মুজিবনগরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে আটক কৃত এক জনকে এক মাসের কারাদণ্ড ও অপরজনকে ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট ও মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সুজন সরকার।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদি রাসেল পাখি আটকের

বিষয়টি নিশ্চিত করেছেন।

এ বিষয়ে মুজিবনগর উপজেলা বন কর্মকর্তা মাসুদুর রহমান বলেন, মুজিবনগর থানা পুলিশ আটককৃত পাখিগুলো বনবিভাগের হাতে বুঝিয়ে দিয়েছে। উপজেলা বন বিভাগ বিভাগীয় বন কর্মকর্তার নির্দেশে পাখিগুলো বঙ্গবন্ধু সাফারি পার্কে অবমুক্ত করা হবে।

মেহেরপুরে স্বতন্ত্র মেয়র প্রার্থী মতুর বিরুদ্ধে তথ্য গোপনের অভিযোগ

মেহেরপুর পৌরসভা নির্বাচনে স্বতন্ত্র মেয়র প্রার্থী মোতাচ্ছিম বিল্লাহ মতুর বিরুদ্ধে হলফনামায় তথ্য গোপনের অভিযোগ করেছেন আওয়ামী লীগ প্রার্থী মাহফুজুর রহমান রিটন।

আজ বৃহস্পতিবার মেহেরপুর নির্বাচনের রিটার্নিং কর্মকর্তা তারেক আহমেদের কাছে এ বিষয়ে লিখিত অভিযোগ করেন মাহফুজুর রহমান রিটন।

লিখিত অভিযোগে তিনি জানান, স্বতন্ত্র মেয়র প্রার্থী মো: মোতাচ্ছিম বিল্লাহ মতু মনোনয়ন ফরমের সাথে দাখিলকৃত হলফনামায় স্থাবর সম্পত্তির ঘরে তাঁর ক্রয়কৃত ০.০৪৯৫ একর জমি যার দলিল নম্বর ১০৭৩/২০ এবং ভাইবোনদের সাথে বন্টন করা জমি যার দলিল নম্বর ৪২৪৪/১৮ এই দুটি জমি স্থাবর সম্পত্তি হিসেবে উল্লেখ করেননি। যা নির্বাচন আইনে তথ্য গোপন হিসেবে বিবেচিত।

এ বিষয়ে মেহেরপুর পৌর নির্বাচনের রিটার্নিং কর্মকর্তা তারেক আহমেদ বলেন, অভিযোগ পেয়েছি। সম্পত্তি সংক্রান্ত বিষয়ে এনবিআর দেখবে। তবে অভিযোগের বিষয়টি তদন্ত করে দেখা হবে।

তিনি আরো বলেন, বৃহস্পতিবার প্রার্থীতা যাচাই বাছাই শেষে চার জন মেয়র প্রার্থীর মধ্যে মাহফুজুর রহমান রিটন ও মোতাচ্ছিম বিল্লাহ’র প্রার্থীতা বৈধ হয়েছে। বাকি দুজন আরিফুল এনাম বকুল ও কাউসার আলীর প্রার্থীতা বাতিল হয়েছে।

তবে এ ব্যাপারে স্বতন্ত্র মেয়র প্রার্থী মোতাচ্ছিম বিল্লাহ মতুর মোবাইল ফোনে যোগাযোগ করা হলে অনেক ক্ষণ ধরে ব্যস্ত থাকায় কথা বলা সম্ভব হয়নি। পরে তিনি ফোন কল ব্যাকও করেননি।

গাংনীতে ফেনসিডিলসহ পাচারকারী আটক

মাদক পাচারের সময় অন্তর ইসলাম (২৬) নামের একজনকে আটক করেছে পুলিশ। তার কাছ থেকে জব্দ করা হয়েছে ৭০ বোতল ফেনসিডিল।

মেহেরপুরের গাংনী থানা পুলিশের একটি টীম আজ বৃহস্পতিবার সকাল ১০টার দিকে তাকে বামন্দী বাজার বাসস্ট্যান্ড এলাকা থেকে আটক করে। অন্তর ইসলাম কুষ্টিয়া সদর উপজেলার বাইপাইল এলাকার মনোয়উদ্দীনের ছেলে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, বামন্দী বাস¯ট্যান্ড এলাকায় দিয়ে মাদক পাচার হচ্ছে এমন গোপন সংবাদের ভিত্তিতে এএসআই শেখ মোহাম্মদ বিপ্লব হোসেন সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালায়। এসময় অন্তর ইসলামের ব্যাগে ফেনসিডিল পাওয়া গেলে তাকে আটক করে।

তার বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু সাপেক্ষে ওই মামলায় গ্রেপ্তার দেখিয়ে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা

মেহেরপুরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০ টি বিশেষ উদ্ভাবনী উদ্যোগ সংক্রান্ত দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা

হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে এ প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা প্রশাসক ও শিল্পকলা একাডেমির সভাপতি ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে কর্মশালায় বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, মেহেরপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম,স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোঃ মোজাহিদুল ইসলাম, পি.পি পল্লব ভট্টাচার্য, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক।

এসময় গাংনী উপজেলা নির্বাহি অফিসার মৌসুমী খাতুন, মেহেরপুর সরকারী কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন,মেহেরপুর জেলা জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান শামীম আরা হীরা, সিভিল সার্জন ডাঃ জওয়াহেরুল আনাম সিদ্দীকী, মেহেরপুর সরকারী কলেজের অধ্যক্ষ প্রফেসর শফিউল আলম সরদার, সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম, মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়ার উদ্দিন বিশ্বাস, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা আসাদুজ্জামান রিপন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ, জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেসক্লাবের সাধারণ ফজলুল হক মুন্টু, সাংবাদিক আবু আক্তার করন, ফারুক হোসেন, দিলরুবা খাতুন সহ বিভিন্ন মিডিয়ার সাংবাদিক, শিক্ষক ও শিক্ষার্থীরা কর্মশালায় অংশ গ্রহণ করেন।

এছাড়াও এসময় অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, নির্বাহী ম্যাজিষ্ট্রেট মাহমুদুল হাসান,মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান,শাশ্বত নিপ্পন চক্রবর্ত্তী প্রমুখ উপস্থিত ছিলেন।

জিইডি সূত্র জানায়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রত্যয়ে প্রধানমন্ত্রীর গতিশীল নেতৃত্বে রূপকল্প-২০২১ ও রূপকল্প-২০৪১ বাস্তবায়ন করছে সরকার।

এর মাধ্যমে ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে জ্ঞানভিত্তিক সমাজ ও উন্নত দেশে পরিণত করার

লক্ষ্যে অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় এগিয়ে চলছে বাংলাদেশ।

সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রার (এমডিজি) সাফল্যের পর ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়নের পথে অগ্রসর হচ্ছে দেশ।

২০০৯ সালে সরকার গঠনের পর দেশের সব মানুষের মৌলিক অধিকার নিশ্চিত করার জন্য বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা বাসস্থান, শিক্ষা, চিকিৎসা ও সামাজিক নিরাপত্তার বিষয়ে অগ্রাধিকার প্রদান করেন।

একই সঙ্গে জনগণের দোরগোড়ায় ডিজিটাল সেবা পৌঁছানো, নারীর ক্ষমতায়ন, ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছানো, পরিবেশ সুরক্ষা ও বিনিয়োগ বৃদ্ধির জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১০টি বিশেষ উদ্যোগ হাতে নেন।

মেহেরপুরে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ

২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)’র অর্থায়নে মেহেরপুর সদর উপজেলা ব্যাপী চলাচলে অক্ষম প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে হুইল চেয়ার বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুরের মেহেরপুর সদর উপজেলা পরিষদ চত্বরে ৪৩ জন জন্মগত চলাচলে অক্ষম প্রতিবন্ধীদের মাঝে এসকল হুইল চেয়ার বিতরণ করা হয়।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে, উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নিজ হাতে এ সকল হুইল চেয়ার বিতরণ করেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর সদর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান মোছাঃ লতিফুন নেছা লতা।

এসময় চলাচলে অক্ষম প্রতিবন্ধীরা হুইল চেয়ার পেয়ে উৎফুল্লতা প্রকাশ করে।